



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১০৭৮

তারিখ: ৯ অক্টোবর ১৪২৭

২৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **বরিশাল বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য আইবিসিসি'র মাধ্যমে আমন'১৯-২০ চালের চলাচলসূচির অনুমোদন প্রদান।**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ১৬/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৭.১৭.১৮৭৬ নং স্মারক।

২। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৭/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১০৫১ স্মারক।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২২/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৭.১৭.১৯৮৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার কতিপয় এলএসডিতে খাদ্যবাহনবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য পিরোজপুর জেলার মঠবাড়িয়া এলএসডি হতে শিকারপুর এলএসডিতে ২৪০ মে.টন ও গৌরনদী এলএসডিতে ১০০ মে.টন ও ঝালকাঠি জেলার ঝালকাঠি গ্রেড-১ এলএসডি হতে আগেলবাড়া এলএসডিতে ১৬০ মে.টন সহ মোট ৫০০ মে.টন আমন'১৯-২০ সিঙ্ক/ফলিত চাল ডিআরটিসি'র মাধ্যমে স্থানান্তরের অনুমোদন সূত্রস্থ ১ নং স্মারকে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ ২ নং স্মারকে অনুমোদন প্রদান করা।

মঠবাড়িয়া এলএসডির নিকটবর্তী রাষ্ট্র সরু হওয়ায় বিভাগীয় সড়ক পরিবহন ঠিকাদারগণ মঠবাড়িয়া এলএসডি হতে সূচিকৃত পন্য পরিবহণ করতে না পারায় এবং বরিশাল জেলার নৌ পরিবহন ঠিকাদার আবেদন করায় সেপ্টেম্বর/২০২০ মাসে শিকারপুর ও গৌরনদী এলএসডির জরুরি চাহিদা পূরণের জন্য বিভাগীয় সড়ক পরিবহন ঠিকাদারের অনুকূলে জারিকৃত মঠবাড়িয়া এলএসডি হতে শিকারপুর ও গৌরনদী এলএসডিতে যথাক্রমে ২৪০ মে.টন ও ১০০ মে.টন চালের চলাচল সূচি বরিশাল জেলার অভ্যন্তরীণ নৌপরিবহন ঠিকাদারের মাধ্যমে চলাচল সূচির অনুমতি এবং অনুরূপ ভাবে তুষখালী এলএসডিতে পর্যাপ্ত আমন/২০১৯-২০২০ চাল মুজত থাকায় আগামী অক্টোবর/২০২০ মাসে শিকারপুর ও গৌরনদী এলএসডিতে বিলিবিতরণের জন্য যথাক্রমে $(300+300)=600$ মে.টন চালের চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য সূত্রস্থ ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর প্রস্তাবমতে মঠবাড়িয়া এলএসডির নিকটবর্তী রাষ্ট্র সরু হওয়ায় বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের পরিবর্তে বরিশাল জেলার নৌ পরিবহন ঠিকাদারদের দ্বারা সেপ্টেম্বর/২০২০ মাসে শিকারপুর ও গৌরনদী এলএসডির জরুরি চাহিদা পূরণের জন্য মঠবাড়িয়া এলএসডি হতে জারিকৃত শিকারপুর ও গৌরনদী এলএসডিতে যথাক্রমে ২৪০ মে.টন ও ১০০ মে.টন চালের চলাচল সূচি বরিশাল জেলার অভ্যন্তরীণ নৌপরিবহন ঠিকাদারের মাধ্যমে চলাচল সূচির অনুমোদন এবং অনুরূপভাবে তুষখালী এলএসডিতে পর্যাপ্ত আমন/১৯-২০ চালের মুজত থাকায় আগামী অক্টোবর/২০২০ মাসে শিকারপুর এলএসডি ও গৌরনদী এলএসডিতে বিলিবিতরণের জন্য যথাক্রমে $(300+300)=600$ মে.টন চালের চলাচল সূচি জারির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

অনুসরণীয় নির্দেশনাবলি:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহত্ব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৪-৯-২০২০

মোঃ ফজলে রাবী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১০৭৮/১(৯)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।



২৪-৯-২০২০

মোঃ ফজলে রাখী হায়দার

উপ-পরিচালক